

## প্রেস বিজ্ঞপ্তি

প্রবাসীদের বিভিন্ন সমস্যা নিয়ে যুক্তরাজ্যের লন্ডন, বর্মিংহাম ও লিভারপুলে **HRPB** ইউকে শাখা কর্তৃক আয়োজিত বিভিন্ন সভায় দেশে প্রবাসীদের সকল সমস্যার ক্ষেত্রে আইনগত সহায়তার ঘোষণা দিয়েছেন **HRPB** এর কেন্দ্রীয় কমিটির প্রেসিডেন্ট এডভোকেট মনজিল মোরসেদ।

‘হিউম্যান রাইটস এন্ড পীস ফর বাংলাদেশ (HRPB)’, ইউকে শাখার উদ্যোগে প্রবাসীদের বিভিন্ন সমস্যা নিয়ে যুক্তরাজ্যের ইস্ট লন্ডনের হ্যানবারী স্ট্রিটস্থ ‘মন্টিফিউরি সেন্টারে’ ২১.০৮.১৪ তারিখে আয়োজিত এক সভায় প্রধান অতিথির বক্তব্যে সংগঠনের কেন্দ্রীয় কমিটির প্রেসিডেন্ট এডভোকেট মনজিল মোরসেদ প্রবাসীদের সকল সমস্যার ক্ষেত্রে দেশে তাদেরকে **HRPB** এর পক্ষ থেকে আইনগত সহায়তার ঘোষণা দিয়েছেন। সভায় বিভিন্ন বক্তারা প্রবাসীদের দেশের সম্পত্তির মালিকানা নিয়ে নানা জটিলতা, জবর দখল ও মিথ্যা মামলায় হয়রানী সহ বিভিন্ন ব্যাপারে প্রধান অতিথির দৃষ্টি আকর্ষণ করে এ ব্যাপারে আইনগত ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান হলে এইচআরপিবি প্রেসিডেন্ট সংগঠনের পক্ষ থেকে প্রবাসীদেরকে আইনগত সহায়তা দেবার ঘোষণা দেন। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের ইউকে শাখার প্রেসিডেন্ট মোঃ রহমত আলী। প্রধান অতিথির বক্তৃতায় এডভোকেট মনজিল মোরসেদ বলেন, অনেক প্রবাসী তাদের করণীয় সম্পর্কে অবহিত নন বলে নানা হয়রানী ও বঞ্চনার শিকার হন। তিনি বলেন এইচআরপিবি সংগঠনের মাধ্যমে ভুক্তভোগীদের একটি তালিকা তৈরী করে তাদের প্রয়োজনীয় আইনগত সহযোগিতা দেয়ার জন্য সংগঠনের ইউকে শাখা, সিলেট শাখা ও কেন্দ্রীয় কমিটির মাধ্যমে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করে পর্যায়ক্রমে সকল ধরনের লিগ্যাল সাপোর্ট দেয়া হবে যাতে প্রবাসীরা দেশে গেলে হয়রানীর স্বীকার না হয় এবং তাদের সম্পত্তির অধিকার ভোগ করতে কোন বাধার সৃষ্টি না হয়। এডভোকেট মনজিল মোরসেদ আরও বলেন যে, দেশের অর্থনীতিতে প্রবাসীরা যেহেতু বড় ধরনের ভূমিকা রাখে সুতরাং প্রশাসন ও সরকারের সকল সময় প্রবাসীদের বিভিন্ন সমস্যা সমাধানে যথাযথ ভূমিকা রাখা প্রয়োজন এবং এটা তাদের মৌলিক দায়িত্বের মধ্যে পড়ে। মিসবাহ জামালের উপস্থাপনায় উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কে এম আবু তাহের চৌধুরী, আব্দুল কুদ্দুস, এলাইস মিয়া মতিন, মোঃ নসির মিয়া, এএস আই আজাদ আলী, শাহ মালিক, শামীম চৌধুরী, মতিউর রহমান, আমান উদ্দিন, আঙ্গুর আলী, এম এ আলী, আয়েশা বেগম প্রমুখ।

গত ২৪.০৮.১৪ তারিখে দুপুর ১২ টায় বর্মিংহামে আড্ডা রেস্তুরেন্টে মোস্তফা যুবরাজের সভাপতিত্বে এবং কাউন্সিলর নেওয়াজ আলির পরিচালনায় প্রবাসীদের এক সভায় বক্তব্য রাখেন ‘হিউম্যান রাইটস এন্ড পীস ফর বাংলাদেশ (HRPB) এর প্রেসিডেন্ট এডভোকেট মনজিল মোরসেদ। বিভিন্ন পেশার প্রতিনিধিদের উপস্থিতিতে সভায় **HRPB** এর বর্মিংহাম শাখা গঠিত হয়। এইচএম আশরাফ আহমেদ কে আহ্বায়ক এবং মোস্তফা যুবরাজ ও কাউন্সিলর নেওয়াজ আলিকে যুগ্ম-আহ্বায়ক এবং আব্দুল আলিমকে সদস্য সচিব করে মোট ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

গত ২৬.০৮.১৪ তারিখে বিকাল ৩ টায় যুক্তরাজ্যের লিভারপুলে “বাংলা প্রেস ক্লাব” এর উদ্যোগে **HRPB** এর প্রেসিডেন্ট এডভোকেট মনজিল মোরসেদকে জনকল্যান মূলক কাজের জন্য সম্বর্ধনা দেয়া হয়। লিভারপুল বাংলা প্রেস ক্লাব এর সভাপতির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এডভোকেট মনজিল মোরসেদ বলেন দেশের বিমান বন্দর এবং এলাকাগুলোতে এমন অবস্থার সৃষ্টি করতে হবে যাতে প্রবাসীরা দেশে যেতে আগ্রহী হন এবং নির্বিঘ্নে যাতায়াত করতে পারেন। এমনটি করতে পারলেই প্রবাসীদের মনোবল ও আত্মবিশ্বাস সৃষ্টি হবে এবং দেশের জন্য মঙ্গল হবে। এডভোকেট মনজিল মোরসেদ ইউকে ভিসার ক্ষেত্রে যাতে বাংলাদেশ থেকে ভিসা প্রদান অব্যাহত থাকে সে ব্যাপারে ইউকে সরকারের নিকট বাংলাদেশ সরকারের পক্ষ থেকে জোর দাবী উত্থাপন করার আহ্বান জানান এবং খুব শীঘ্রই লন্ডন-সিলেট-লন্ডন আসা যাওয়ার জন্য বিমান এর নিয়মিত ফ্লাইট চালু করার জোর দাবী জানান। সভা শেষে শেখ ছুরত মিয়া আছাব কে আহ্বায়ক এবং কয়ছর মিয়া ও খসরু খান কে যুগ্ম-আহ্বায়ক এবং ফকরুল আলমকে সদস্য সচিব করে মোট ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

বার্তা প্রেরক-

HRPB অফিস

৩১.০৮.১৪

০১৭১১৪০৪৫০৬